

শিক্ষাবঞ্চিত তিন শতাধিক শিশু : পত্নীতলার হালিমনগর গ্রাম

নিজস্ব প্রতিবেদক বগুড়া

৩ নভেম্বর ২০১৯ ০০:০০ | আপডেট: ২ নভেম্বর ২০১৯ ২৩:৩০



শুভ্র বসু

আমাদের সময়

নওগাঁর পত্নীতলা উপজেলার হালিমনগর এলাকায় প্রাথমিক শিক্ষা থেকে বঞ্চিত তিন শতাধিক শিশু। ফলে এলাকাবাসী প্রাথমিক শিক্ষা প্রতিষ্ঠান স্থাপন করে শিক্ষার পরিবেশ সৃষ্টিতে সরকারসহ সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সুদৃষ্টি কামনা করেছে।

অভিভাবক ও স্থানীয়দের সঙ্গে কথা বলে জানা যায়, উপজেলার নির্মাইল ইউনিয়নের হালিমনগর গ্রামে আড়াইশ পরিবারে চার শতাধিক সদস্য রয়েছে। তাদের মধ্যে তিন শতাধিক শিশু প্রাথমিক বিদ্যালয়ে যাওয়ার উপযোগী। কিন্তু এলাকার পাঁচ কিলোমিটারের মধ্যে কোনো শিক্ষা প্রতিষ্ঠান নেই। ফলে তিন শতাধিক শিশুর শিক্ষার্জনের সুযোগ নেই। এলাকার গুটিকয়েক শিশু দূরের বিদ্যালয়গুলোয় যায়। কিন্তু অনেক দূর হওয়ায় নিয়মিত তাদের বিদ্যালয়ে যাওয়া হয় না।

নির্মাইল ইউপি চেয়ারম্যান আবুল কালাম আজাদ জানান, শিক্ষা প্রতিষ্ঠানের অভাবে ওই এলাকার বেশিরভাগ অভিভাবক নিরক্ষর। তাদের সন্তানরাও নিরক্ষর থেকে যাচ্ছে। সামর্থ্যবান অভিভাবকরা সন্তানদের পড়ালেখার জন্য পার্শ্ববর্তী সাপাহার উপজেলা সদরে বাসা ভাড়া নিয়ে থাকছেন। তবে দরিদ্রদের সে সুযোগ নেই বলেও জানান চেয়ারম্যান।

পত্নীতলা উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা হাবিবুর রহমান জানান, হালিমনগরে সরকারি প্রাথমিক বিদ্যালয় স্থাপনের দাবি যৌক্তিক হলে সরেজমিন তদন্তপূর্বক প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করা হবে। পত্নীতলা উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. লিটন সরকার জানান, চলতি মাসে তিনি এ উপজেলায় যোগদান করেন। বিষয়টি তার জানা নেই। বর্তমান শিক্ষাবান্ধব সরকারের সময়েও এমন এলাকা থাকার কথা নয়। তিনি আরও জানান, উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তার সঙ্গে কথা বলে জরুরিভাবে তদন্তপূর্বক ব্যবস্থা গ্রহণ করা হবে। advertisement